শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# পার্বতীপুর উপজেলা পরিষদের মে, ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পার্বতীপুর, দিনাজপুর

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ১২/০৫/২০২২ খ্রি.
সময় : বেলা ১১.০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-''ক''

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর'কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

০২। <u>পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ</u>

উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর গত ২০/০৪/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মে, ২০২২ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। গত সভার কার্যবিবরণীতে সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর তিনি উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনযোগ্য বিষয়াদি আলোচনা করেন এবং ১৭টি উপ-কমিটির কার্যবিবরণী সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ক) আইন-শৃঙ্খলা সংক্রান্তঃ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পার্বতীপুরের নিকট থেকে উপ-কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় অনুপস্থিত থাকায় (অনুমতিক্রমে) তাঁর দপ্তরের উপস্থাপনযোগ্য বিষয়সমূহ পাওয়া গেল না। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার/ অফিসার-ইন-চার্জ, পার্বতীপুর মডেল থানা/ রেলওয়ে থানা/ সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান, পার্বতীপুর, দিনাজপুর |
| খ) যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্তঃ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br>(ক) (১) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ ভবনের ছাদে সৌর বিদ্যুৎ প্যানেলের ০৮টি ব্যাটারি নষ্ট হওয়ায় বর্তমানে প্যানেলটি অকেজো হয়ে পড়ে রয়েছে। বিদ্যুৎ চলে গেলে সৌর বিদ্যুৎ-ও না থাকায় অফিসে কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার চালনাসহ দাপ্তরিক কার্যক্রমে ব্যাঘাত ঘটছে। তাই অতি সত্বর সৌর বিদ্যুৎ প্যানেলটি সচল করার জন্য ০৮ (আট) টি ব্যাটারি ক্রয়পূর্বক ব্যাটারিগুলো পুন:স্থাপন করা করা প্রয়োজন যার প্রাক্কলিত মূল্য =২,০০,০০০/- টাকা, যা উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে ব্যয়ের বিধান রয়েছে; (২) পার্বতীপুর উপজেলা পরিষদ চত্বরে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন প্রয়োজন যার প্রাক্কলিত মূল্য =৩,০০,০০০/- টাকা, যা রাজস্ব বাজেটে নীতিমালার আলোকে ধরা আছে; (৩) পার্বতীপুর উপজেলায় মশার উৎপাত বেড়ে যাওয়ায় জনস্বাস্থ্যের কথা বিবেচনা করে দ্রুত মশক নিধনের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। পার্বতীপুর উপজেলার ১০টি ইউনিয়নে মশক নিধনের জন্য =১,০০,০০০/- টাকা প্রয়োজন, যা রাজস্ব বাজেটে নীতিমালার আলোকে ধরা আছে।<br><br>(খ) (১) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের পানির লাইন কিছু কিছু স্থানে নষ্ট হয়েছে। লাইনগুলো জরুরিভিত্তিতে মেরামত করা প্রয়োজন, যার প্রাক্কলন করা হয়েছে =১,৮৩,৯১০/- টাকা। (২) উপজেলা সমাজসেবা অফিসের পানির পাম্প নষ্ট হওয়ায় নতুন পাম্প সংযোজনের জন্য উপজেলা সমাজসেবা অফিসার আবেদন করেছেন। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্পগুলো উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। (১) পার্বতীপুর উপজেলা পরিষদ ভবনে সৌর বিদ্যুৎ প্যানেল এর ব্যাটারি ক্রয়পূর্বক পুনঃস্থাপন যা নিম্নবর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়িত হবে। প্রাক্কলিত মূল্য =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br><u>প্রকল্প কমিটি</u><br>১। মোঃ একরামুল হক, ৩নং ইউপি প্যানেল চেয়ারম্যান — প্রকল্প চেয়ারম্যান<br>২। মোঃ আরশেদ আলী, ৩নং ইউপি সদস্য — প্রকল্প সদস্য<br>৩। মোঃ আহসান হাবীব, সদস্য, ৩নং ইউপি সদস্য — প্রকল্প সদস্য<br>৪। মোছাঃ জোৎস্নারা বেগম, ৩নং ইউপি সদস্য — প্রকল্প সদস্য<br>৫। মোঃ শফিকুল ইসলাম, ৩নং ইউপি সদস্য — প্রকল্প সদস্য<br>৬। মোঃ গোলাম ফারুক, গণ্যমান্য ব্যক্তি — প্রকল্প সদস্য<br>৭। মোঃ জাহাঙ্গীর আলম, ইমাম — প্রকল্প সদস্য<br>(২) পার্বতীপুর উপজেলা পরিষদ চত্বরে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন যা ০৩ সদস্যবিশিষ্ট ক্রয় কমিটির মাধ্যমে কোটেশন আহবানপূর্বক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। বরাদ্দ =৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা।<br><u>ক্রয় কমিটি</u><br>১। সহকারী প্রকৌশলী, বিএমডিএ, পার্বতীপুর — আহবায়ক<br>২। উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুর — সদস্য<br>৩। উপজেলা পরিসংখ্যান অফিসার, পার্বতীপুর — সদস্য<br>(৩) পার্বতীপুর উপজেলার প্রতিটি ইউনিয়নে =১০,০০০/- (দশ হাজার) টাকা করে ১০টি ইউনিয়নের চেয়ারম্যানগণের মাধ্যমে মোট =(১০,০০০×১০)=১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মশক নিধন কাজে ভাউচারমূলে ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(খ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পানির লাইন মেরামত প্রকল্পটি উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। (১) প্রকল্পের নাম-উপজেলা পরিষদের অভ্যন্তরে পানির লাইন মেরামত কাজ (বরাদ্দঃ=১,৮৩,৯১০/- টাকা) যা নিম্নোক্ত প্রকল্প কমিটির মাধ্যমে জরুরিভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><u>প্রকল্প কমিটি</u><br>১। মোঃ আরশেদ আলী, ৩নং ইউপি সদস্য — প্রকল্প চেয়ারম্যান<br>২। মোছাঃ জোৎস্নারা বেগম, ৩নং ইউপি সদস্য — প্রকল্প সদস্য<br>৩। মোঃ আহসান হাবীব, সদস্য, ৩নং ইউপি সদস্য — প্রকল্প সদস্য<br>৪। মোঃ শফিকুল ইসলাম, ৩নং ইউপি সদস্য — প্রকল্প সদস্য<br>৫। মোঃ মাহবুবুর রহমান, ৩নং ইউপি সদস্য — প্রকল্প সদস্য<br>৬। মোঃ শাহিন আলম, গণ্যমান্য ব্যক্তি — প্রকল্প সদস্য<br>৭। মোঃ জাহাঙ্গীর আলম, ইমাম — প্রকল্প সদস্য<br>(২) উপজেলা সমাজসেবা অফিসের পানির পাম্প মেশিন ক্রয়সহ প্রাক্কলিত সংযোজন ব্যয় =২৪,৫০০/- টাকা যা ভাউচারমূলে উপজেলা রাজস্ব তহবিলের পানির লাইন মেরামত খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি পার্বতীপুর, দিনাজপুর |

| | | | |
|---|---|---|---|
| | (গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, ঝড়ে উপজেলা পরিষদের অভ্যন্তরে ০২টি গাছ ও ০২টি গাছের ডাল ভেঙ্গে গেছে। এতে করে জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। গাছের বিবরণ নিম্নরূপ : (১) উপজেলা পরিষদের অভ্যন্তরে বিআরডিবি অফিসের সামনে আকাশমনি গাছের ডাল ভেঙ্গে পড়ে রয়েছে; (২) উপজেলা ভূমি অফিসের দক্ষিণে রেইন ট্রি (কড়াই গাছ) উপড়ে পানিতে পড়ে রয়েছে; (৩) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সম্মুখে গাছের ডাল ভেঙ্গে পড়ে রয়েছে; (৪) উপজেলা জনস্বাস্থ্য অফিসের সামনে পুকুরের পার্শ্বে ০১টি শিশু গাছ উপড়ে পড়ে রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে যেহেতু ঝড়ে পার্শ্ববর্ণিত ০২টি গাছ ও ০২টি গাছের ডাল ভেঙ্গে পড়ে সেবাপ্রার্থীদের চলাচলের অসুবিধা হচ্ছে, তাই বন বিভাগ কর্তৃক গাছের মূল্য নির্ধারণপূর্বক উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর'কে নীতিমালার আলোকে জরুরিভিত্তিতে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে গাছ/ডালগুলো বিক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হলো। | |
| | (ঘ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী'র (এডিপি) অধীন গত ০৯/০৯/২০২১ খ্রি. তারিখে উপজেলা পরিষদ সভায় ১নং বেলাইচন্ডি ইউপিতে (১) হরিরামপুর উচ্চ বিদ্যালয়, (২) আমানতুল্লাহ উচ্চ বিদ্যালয়, (৩) বেলাইচন্ডি দাখিল মাদ্রাসা এবং ২নং মন্মথপুর ইউপিতে, (৪) দেউল দাখিল মাদ্রাসায় শিক্ষার্থীদের বসার জন্য উচু-নিচু বেঞ্চ সরবরাহের কাজ ০১ নং বেলাইচন্ডি ইউপির প্রাক্তন চেয়ারম্যান'কে প্রকল্প চেয়ারম্যান হিসেবে নির্ধারণপূর্বক ০৭ সদস্যবিশিষ্ট কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। কিন্তু অদ্যাবধি তিনি প্রকল্পের কাজ শুরু করেন নি। বর্তমানে (১) হরিরামপুর উচ্চ বিদ্যালয়, (২) কৈপুলকী এবতেদায়ী মাদ্রাসায় শিক্ষার্থীদের পড়াশুনার সুষ্ঠু পরিবেশের জন্য বেঞ্চগুলো জরুরিভিত্তিতে প্রয়োজন বিধায় ০১ নং বেলাইচন্ডি ইউনিয়ন পরিষদের ০৯/০৫/২০২২ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পটি বাস্তবায়নের কমিটি সংশোধনের বিষয়ে আলোচনা হয়। | (ঘ) বিস্তারিত আলোচনান্তে যেহেতু প্রকল্পটি ০১ নং বেলাইচন্ডি ইউপির প্রাক্তন ইউপি চেয়ারম্যান বাস্তবায়ন করতে ব্যর্থ হয়েছেন, সেহেতু বর্তমানে প্রয়োজনীয় নিরিখে উক্ত প্রকল্পের বাস্তবায়ন কমিটি সংশোধন করে ০১ নং বেলাইচন্ডি ইউপিতে (১) হরিরামপুর উচ্চ বিদ্যালয়, (২) কৈপুলকী এবতেদায়ী মাদ্রাসায় শিক্ষার্থীদের বসার জন্য কাঠের তৈরি উচু-নিচু বেঞ্চ সরবরাহের জন্য নিম্নবর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

প্রকল্পের নাম ঃ ১ নং বেলাইচন্ডি ইউপিতে (১) হরিরামপুর উচ্চ বিদ্যালয়, (২) কৈপুলকী এবতেদায়ী মাদ্রাসায় শিক্ষার্থীদের বসার জন্য কাঠের উচু-নিচু বেঞ্চ সরবরাহ; বরাদ্দ = ১,৫০,০০০/- টাকা।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১ | মোছাঃ কল্পনা বেগম | ১ নং বেলাইচন্ডি ইউপি সদস্য | প্রকল্প চেয়ারম্যান |
| ০২ | মোঃ মনোয়ার হোসেন | ১ নং বেলাইচন্ডি ইউপি সদস্য | সেক্রেটারী |
| ০৩ | মোঃ নুর নবী | শিক্ষক, হরিরমাপুর উচ্চ বিদ্যালয় | সদস্য |
| ০৪ | মোঃ আয়তুল খুসী | সুপার, কৈপুলকী এবতেদায়ী মাদ্রাসা | সদস্য |
| ০৫ | মোছাঃ মামুদা পারভীন লিপি | আনসার ভিডিপি সদস্য | সদস্য |
| ০৬ | মোঃ শহিদুল ইসলাম | গণমান্য ব্যক্তি | সদস্য |
| ০৭ | মোঃ বড়জাহান আলী | বীর মুক্তিযোদ্ধা | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| গ) কৃষি ও সেচ সংক্রান্তঃ | উপজেলা কৃষি অফিসার, পার্বতীপুরের নিকট থেকে মার্চ/২০২২ মাসের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, (১) মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব ও কম্পোস্ট সার তৈরির উপর এবং বিষমুক্ত সবজি উৎপাদনে ফেরোমন ফাঁদ ব্যবহারের বিষয়ে কৃষকদের'কে প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। প্রতি ইউনিয়নে ১০০ জন কৃষককে প্রশিক্ষণ দেয়া হলে কৃষকগণ উপকৃত হবে এবং বিষমুক্ত সবজি উৎপাদন সম্ভব হবে মর্মে তিনি সভায় জানান।<br>(২) সভায় তিনি আরও জানান যে, চলতি বোরো মৌসুমে ৩০ ভাগ শস্য কর্তন করা হয়েছে। ফলন খুব ভালো পাওয়া গেছে। গত ২৬/০৪/২০২২ এবং ২৯/০৪/২০২২ খ্রি. তারিখে ঝড়ো-হাওয়া ও শিলাবৃষ্টিতে রামপুর, পলাশবাড়ী, হামিদপুর ও হরিরামপুর ইউনিয়নে প্রায় ৮০০ জন কৃষকের বোরো ধান, আম, লিচু ও ভুট্টা ফসলের প্রায় ১ কোটি ২০ লক্ষ টাকার ক্ষয়-ক্ষতি হয়েছে। খরিপ-১ মৌসুমে ০৬টি কম্বাইন হারভেস্টার, ০১টি পাওয়ার থ্রেসার বিতরণ করা হয়েছে। ব্রিধান-২৮ এর পরিবর্তে ব্রিধান-৮৮, ব্রিধান-৮৯ এবং ব্রিধান-৯২ উচ্চ ফলনশীল হওয়ায় তা চাষ করার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। আসন্ন আমন মৌসুমে ব্রিধান-৯০, ব্রিধান-৯৩, ব্রিধান-৯৪ ও ব্রিধান-৯৫ আবাদ করার জন্য কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে মর্মে তিনি সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার পার্বতীপুর, দিনাজপুর |
| ঘ) প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্তঃ | উপজেলা শিক্ষা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, (১) কোভিড-১৯ প্রবণতার কারণে দীর্ঘদিন বিদ্যালয়সমূহ বন্ধ থাকার কারণে শিক্ষার্থীরা পড়াশুনায় অনেক পিছিয়ে পড়েছে। শিক্ষার্থীদের পঠন ও লিখন যোগ্যতায় ঘাটতি দেখা যাচ্ছে। তাই শিক্ষকগণকে শিক্ষার্থীদের পঠন ও লিখনের জন্য বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে মর্মে তিনি সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | ১। উপজেলা শিক্ষা অফিসার<br>২। সকল ইউপি চেয়ারম্যান, পার্বতীপুর, দিনাজপুর |

| | | | |
|---|---|---|---|
| | (২) সভায় তিনি আরও জানান যে, পবিত্র রমজানের ছুটি শেষে পার্বতীপুর উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অদ্য ১২/০৫/২০২২ খ্রি. তারিখ হতে পুনরায় শ্রেণি পাঠদান শুরু হয়েছে। চলতি ২০২১-২২ অর্থবছরের মেরামত/সংস্কারসহ অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে। দ্রুত কাজ সম্পাদনের জন্য কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ করা হচ্ছে। সকল শিক্ষকের তথ্য IPESIM SOFTWARE-এ আপলোড কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষকগণের সকল তথ্য অনলাইনে সংরক্ষিত থাকবে। আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অদ্য ১২/০৫/২০২২ খ্রি. তারিখ হতে শুরু হয়েছে। উক্ত প্রতিযোগিতা বিদ্যালয় পর্যায়ে, ইউনিয়ন পর্যায়ে ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণ ও সকলের সহযোগিতা কামনা করেন।<br>(৩) সভায় তিনি আরও জানান যে, ১০নং হরিরামপুর ইউনিয়নে গুড়গুড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের টিনগুলো শিলাবৃষ্টির কারণে ছিদ্র হয়ে যাওয়ায় তাৎক্ষণিকভাবে বিদ্যালয়টি চালু করার জন্য =৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা দ্বারা মেরামত করা হয়। বিষয়টি তিনি সভাকে অবহিত করেন। | | |
| ঙ) মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্তঃ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বর্তমানে প্রধানমন্ত্রীর শিক্ষা কল্যাণ ট্রাস্টের আওতায় ৬ষ্ঠ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ২০২১-২০২২ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের অনলাইন উপবৃত্তি কার্যক্রম চলমান রয়েছে। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২২ উপজেলা পর্যায়ে সমাপ্ত করে চূড়ান্ত ফলাফল জেলায় প্রেরণ করা হয়েছে। এছাড়া খাদ্য পুষ্টি কর্মসূচির আওতায় ছাত্রীদের পুষ্টির কথা বিবেচনা করে ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি পর্যন্ত সকল ছাত্রীকে সপ্তাহে একটি করে উচ্চ ক্ষমতাসম্পন্ন আয়রন ফলিত এসিড ট্যাবলেট খাওয়ানো কার্যক্রম চলমান আছে। জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২২ চলমান রয়েছে মর্মে তিনি সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর |
| চ) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্তঃ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br>i) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ০৯নং হামিদপুর ইউনিয়নে অবস্থিত বড়পুকুরিয়া কমিউনিটি ক্লিনিক এর ভবনটির ছাদ দিয়ে পানি পড়ে। ভবনটির সংস্কার করা প্রয়োজন। তাছাড়া অবৈধ/লাইসেন্সবিহীন ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টারের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।<br>ii) <u>পরিবার পরিকল্পনা:</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের এপ্রিল/২০২২ মাসের প্রতিবেদন মোতাবেক সক্ষম দম্পতির সংখ্যা ৮৪,৩৪২, পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৬৮,৬১৭, পদ্ধতি গ্রহণকারীর হার ৮১.৩৬%। পদ্ধতিওয়ারী এপ্রিল/২০২২ খ্রি. মাসে পদ্ধতি গ্রহীতা নিম্নরূপঃ (১) স্থায়ী পদ্ধতি (মহিলা)-১৫ জন, (২) স্থায়ী পদ্ধতি (পুরুষ)-০২ জন, (৩) আইইউডি-০২ জন, (৪) ইমপ্ল্যান্ট-৩৬ জন, (৫) ইনজেকশন-১,৫৯৮ ডোজ, (৬) খাবার বড়ি-২,০৮৭ সাইকেল, (৭) কনডম-১৯,৫২১ পিস। **<u>বিতরণ ও সম্পাদনঃ</u>** জুলাই/২১ হতে এপ্রিল/২২ খ্রি. পর্যন্ত (১) স্থায়ী পদ্ধতি (মহিলা)-১৯৬ জন, (২) স্থায়ী পদ্ধতি (পুরুষ)-৪৫ জন, (৩) আইইউডি-৪২৬ জন, (৪) ইমপ্ল্যান্ট-১,৩২৫ জন। অত্র উপজেলার এপ্রিল/২০২২ খ্রি. মাসের নতুন গর্ভবতীর সংখ্যা-৩৮৪ এবং উপজেলার মোট গর্ভবতীর সংখ্যা-২,৭৩১। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের মা ও শিশু স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | i) সভায় বিস্তারিত আলোচনান্তে বড়পুকুরিয়া কমিউনিটি ক্লিনিক এর ভবনটির মেরামত/সংস্কার কাজ করার জন্য নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর বরাবর ভবনটির ছবিসহ পত্র প্রেরণ করতে হবে। এছাড়া পার্বতীপুর উপজেলায় যে সকল ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টার অবৈধভাবে/লাইসেন্সবিহীনভাবে চালু রয়েছে, সেগুলোর তালিকা প্রস্তুতপূর্বক দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ii) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর |
| ছ) যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্তঃ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br>i) উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, এপ্রিল/২২ মাসের বিভাগীয় কার্যক্রম নিম্নরূপঃ | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর |

| ক্র:নং | বিবরণী | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | মূল ঋণ তহবিল প্রাপ্ত | ৪০,৩৮,৮০০/- |
| ০২ | মুনাফা অর্জিত | ২৪,০৫,৪৭৩/- |
| ০৩ | চলতি মাসের ঋণ বিতরণ | ১,২০,০০০/- |
| ০৪ | চলতি মাসে আদায়যোগ্য | ১,৩৩,৯৫০/- |
| ০৫ | চলতি মাসে আদায়কৃত | ১,১০,২০০/- |
| ০৬ | চলতি অর্থবছরে ঋণ বিতরণ | ১০,৯০,০০০/- |
| ০৭ | ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ | ২,৪৭,৪০,৯০০/- |
| ০৮ | ক্রমপুঞ্জিভূত আদায়যোগ্য | ২,০৬,০৫,৬৩০/- |
| ০৯ | ক্রমপুঞ্জিভূত আদায়কৃত | ১,৮৮,২৫,০৬৬/- |
| ১০ | ক্রমপুঞ্জিভূত আদায়ের হার | ৯১.৩৬% |
| ১১ | চলতি মাসের প্রশিক্ষণার্থীর সংখ্যা (অপ্রাতিষ্ঠানিক) | ০০ (জন) |
| ১২ | ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণার্থীর সংখ্যা (অপ্রাতিষ্ঠানিক) | ১০,১৪২ (জন) |
| ১৩ | ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণার্থীর সংখ্যা (প্রাতিষ্ঠানিক) | ৫১৮ (জন) |
| ১৪ | ক্রমপুঞ্জিভূত আত্মকর্মীর সংখ্যা | ৬,২০১ (জন) |
| ১৫ | তালিকাভুক্ত যুব সংগঠনের সংখ্যা | ৪৪ টি |
| ১৬ | নিবন্ধনকৃত/স্বীকৃত যুব সংগঠনের সংখ্যা | ৪০ টি |

| | | | |
|---|---|---|---|
| জ) মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্তঃ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। (i) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী প্রতি মাসে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা এবং সংশ্লিষ্ট ১০টি ইউনিয়ন পরিষদে কয়টি বাল্যবিবাহ সংঘটিত হয়েছে তার তথ্য জানানোর জন্য এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা আহবান করে সভার কার্যবিবরণী দাখিল করার জন্য সভায় তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | (ক) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি ও নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির প্রত্যেক মাসের সভার কার্যবিবরণী এবং সংঘটিত বাল্যবিবাহের তথ্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার বরাবর প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে। | ১। প্রশাসক পার্বতীপুর পৌরসভা<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>৩। সকল ইউপি চেয়ারম্যান পার্বতীপুর, দিনাজপুর |
| ঝ) সমাজ কল্যাণ সংক্রান্তঃ | (i) উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, (১) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর শিক্ষার্থী উপবৃত্তির আওতায় বর্তমানে বয়স্ক ভাতা ১৬,১১৪ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ৯,৫৭২ জন, প্রতিবন্ধী ৫,৫৬৪ জন, প্রতিবন্ধী শিক্ষার্থী উপবৃত্তি ৮৭ জন, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা ২৫ জন, অনগ্রসর শিক্ষার্থী উপবৃত্তি ০৮ জনসহ মোট ৩১,৩৭০ জন ভাতাভোগী এবং ৬৬৮ জন এতিম, দুঃস্থ ও অসহায় শিশু ক্যাপিটেশন গ্রান্ট পায়। ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত এতিমখানায় ০৬ মাসের গ্রান্ট প্রদান করা হয়। পাশাপাশি বিভিন্ন ভাতাভোগীগণ জিটুপির মাধ্যমে নিয়মিত ভাতা পাচ্ছেন। উল্লেখ্য কয়েকজন ভাতাভোগী নগদ হিসাব খোলা সংক্রান্ত সমস্যার কারণে এখনো ভাতা পাননি। শীঘ্র তারা ভাতা পাবেন। সভায় তিনি আরও জানান যে, নীতিমালার আলোকে প্রতি ৩ মাস অন্তর অন্তর প্রতিস্থাপনের নিয়ম এবং কোন ভাতাভোগী মৃত্যুবরণ করলে নীতিমালার আলোকে তার নমিনীকে অর্থ প্রদানের বিধান রয়েছে। সেক্ষেত্রে প্রতি ৩ মাস অন্তর অন্তর মৃত ভাতাভোগীদের স্থলে প্রতিস্থাপন আবশ্যক। উল্লেখ্য জেলা ভাতা বিতরণ স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক এখন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে বিভিন্ন ইউনিটের মৃত ভাতাভোগীদের তথ্য উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভিন্ন ভাতা কার্যক্রম আরও সুষ্ঠু ও স্বচ্ছভাবে সম্পাদন করা আবশ্যক, কারণ প্রায়শই বিভিন্ন অভিযোগ আসে যে, ভাতা করে দেয়ার নামে এক শ্রেণির অসাধু ব্যক্তি অসহায়, দুঃস্থ ও গরীব মানুষের কাছ থেকে অর্থ হাতিয়ে নিচ্ছে। বিষয়টি অত্যন্ত দুঃখজনক। কারণ সরকারের উক্ত সেবাগুলো পেতে কোন অর্থের প্রয়োজন নেই মর্মে তিনি সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার পার্বতীপুর, দিনাজপুর |

| | | | |
|---|---|---|---|
| | (২) সভায় তিনি আরও জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, পার্বতীপুর কর্তৃক বাস্তবায়নাধীন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তি এর তৃতীয় কিস্তির অর্থ ইতোমধ্যে প্রায় সকল ভাতাভোগী পেয়েছেন। ১ম ও ২য় কিস্তির রিকন্সিলিয়েশনে আসা ভাতাভোগীদের অর্থ আগামী ২০/০৫/২০২২ খ্রি. তারিখের মধ্যে পেয়ে যাবে মর্মে অধিদপ্তর সূত্রে জানা যায়। ৪র্থ কিস্তির ভাতার অর্থ আগামী ১৫/০৫/২০২২ খ্রি. তারিখ থেকে প্রদান শুরু করা হবে। তন্মধ্যে প্রতিস্থাপনযোগ্য নতুন ভাতাভোগীদের এমআইএস, নগদ হিসাব খোলার কার্যক্রম চলমান। এছাড়া সমাজসেবা কার্যালয়ের বিভিন্ন দারিদ্র্য বিমোচনমূলক কর্মসূচি, ক্যাপিটেশন গ্রান্ট, রোগী কল্যাণ সমিতি, প্রবেশনসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভায় জানান। | | |
| ঞ) মুক্তিযোদ্ধা সংক্রান্তঃ | উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর |
| ট) মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্তঃ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br>(i) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে মৎস্য খাদ্যের মূল্য অত্যধিক হারে বৃদ্ধি পাওয়ায় মৎস্য চাষ সঙ্কটের সম্মুখীন। বাজার ব্যবস্থা মৎস্যচাষীর নিয়ন্ত্রণে না থাকায় সকল পণ্যের মূল্য বৃদ্ধি পেলেও মাছের দাম বাড়েনি। এ অবস্থায় মৎস্য চাষ শিল্পকে বাঁচানোর জন্য মৎস্য আড়ৎ নিয়ন্ত্রণ ও মৎস্য খাদ্য মূল্যে ভর্তুকি প্রদানে সরকারের নীতিনির্ধারক মহলের দৃষ্টি আকর্ষণের জন্য অত্র সভা হতে অনুরোধ করা যেতে পারে। এ বিষয়টি জেলা সমন্বয় সভায় উপস্থাপনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে তিনি বিশেষভাবে অনুরোধ জানান।<br>(ii) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, (১) উপজেলা প্রাণিসম্পদ দপ্তর চত্বরে সেবাপ্রার্থী/খামারীদের বসার জন্য একটি অপেক্ষমান ঘর নির্মাণ করা হলে সেবাপ্রার্থীদের ভোগান্তি কমবে। গরু-ছাগল ও হাঁস-মুরগি অফিসে নিয়ে আসা খামারীদের হাত ধোয়ার জন্য একটি বেসিন স্থাপন করা জরুরি মর্মে তিনি সভায় জানান।<br>(২) উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের বিভাগীয় কার্যক্রম নিম্নরূপঃ ২০২১-২০২২ অর্থবছরের এপ্রিল/২০২২ মাসের সম্প্রসারণ কাজের অগ্রগতি প্রতিবেদন: (১) সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (সংখ্যা)-ক. তরল সিমেন দ্বারা ০০টি, খ. হিমায়িত সিমেন দ্বারা ৬৭৩টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ ৩৩৭টি, সরকারিভাবে টিকা প্রদান সম্প্রসারণ-(ক) গবাদিপশু (সংখ্যা) ৩,৬০০টি, (খ) হাঁস-মুরগি (সংখ্যা) ৫৫,০০০টি, গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা) ১,৯১৪, হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা) ৯,২৪৫, পোষা প্রাণির চিকিৎসা প্রদান (সংখ্যা) ০১, গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা) ০৯, গবাদি পশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা) ০২, ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প স্থাপন (সংখ্যা) ০১, খামারী প্রশিক্ষণ প্রদান (সংখ্যা) ০০টি, মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান (সংখ্যা) ০০টি, উঠান বৈঠকের আয়োজন (সংখ্যা) ০৫টি, উঠান বৈঠকে অংশগ্রহণকারী (সংখ্যা) ৭৩ জন, স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ (একর) ০.৫০, খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন (সংখ্যা) ০৯, গবাদি পশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) ০৬টি, পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) ০০টি, মোবাইল কোর্ট মামলা (সংখ্যা) ০০টি, দুধ উৎপাদন ২,৩৮০ মেট্রিক টন, মাংস উৎপাদন ১,১৮৯ মেট্রিক টন, ডিম উৎপাদন ৩৫,৫০,০০০টি। | (i) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। একইসাথে উপজেলা মৎস্য কর্মকর্তার বিষয়টি জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ii) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত), পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর চত্বরে সেবাপ্রার্থী/খামারীদের বসার জন্য অপেক্ষমান ঘর ও হাত ধোয়ার বেসিন স্থাপনের বিষয়ে সরেজমিন পরিদর্শনপূর্বক পরবর্তী সভায় মতামত উপস্থাপনের জন্য উপজলা প্রকৌশলী, এলজিইডি'কে অনুরোধ করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর<br>৩। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর<br>৪। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর<br>৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর, দিনাজপুর |

| | | | |
|---|---|---|---|
| ঠ) পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্তঃ | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br>(i) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক ২০১০ সালের পূর্বে বিতরণকৃত ঋণের শুধুমাত্র ০১ বছরের সেবাচার্জ প্রদানপূর্বক ঋণ গ্রহীতাগণ আসল টাকা পরিশোধ করতে পারবেন। মাঠসহকারী/পরিদর্শকগণ কর্তৃক সরাসরি ঋণ গ্রহীতা সদস্যগণকে (হিসাবসহ) পত্র প্রদানের মাধ্যমে সরকারি সুযোগ-সুবিধা সম্পর্কে অবহিত করা হচ্ছে। ২০২১-২২ অর্থবছরে আরও ০২টি ব্যাচে ৭০ জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণের সম্ভাব্য তারিখ আগামী ২০/০৫/২০২২ হতে ২৫/০৫/২০২২ খ্রি. পর্যন্ত মোট ০৩ (তিন) দিন মর্মে তিনি সভায় জানান।<br>ii) উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ভূমিহীনদের প্রশিক্ষণ দেয়ার জন্য পার্বতীপুর উপজেলায় মোট ২১টি প্রকল্প রয়েছে। তন্মধ্যে ১৪টি নিবন্ধনকৃত ও বাকি ০৭টি প্রকল্পের নিবন্ধনের বিষয়টি প্রক্রিয়াধীন। ০৬টির সমিতি গঠন করা হয় নি। কবুলিয়াতনামা হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা করা হবে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে সমিতি গঠনে সহযোগিতার জন্য তিনি সভায় অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। | ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>২। উপজেলা সমবায় অফিসার<br>ও<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br>পার্বতীপুর, দিনাজপুর |
| ড) সংস্কৃতি সংক্রান্তঃ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর, দিনাজপুর |
| ঢ) পরিবেশ ও বন সংক্রান্তঃ | উপজেলা বন কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। রেঞ্জ অফিসার, মধ্যপাড়া রেঞ্জ সভায় জানান যে, ঘূর্ণিঝড় পরবর্তীতে স্থানীয়ভাবে বনজসম্পদ চুরির প্রবণতা লাগামহীনভাবে বেড়ে যায়। বর্তমানে উপকারভোগীদের সাথে যোগাযোগ ও আলোচনা সভা করে তা নিয়ন্ত্রণে আনার প্রচেষ্টা অব্যাহত আছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ সহায়তা করলে পরিবেশ নিয়ন্ত্রণে আনা সম্ভব হবে মর্মে তিনি সভায় মতামত ব্যক্ত করেন। অবৈধভাবে স্থাপিত করাতকলসমূহে মোবাইল কোর্ট পরিচালনার জন্য তিনি সভায় অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো। একইসাথে লাইসেন্সবিহীন করাতকলসমূহে মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট<br>২। উপজেলা বন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br>পার্বতীপুর, দিনাজপুর |
| ণ) বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্তঃ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br>i) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, পার্বতীপুর উপজেলায় ৪টি খাদ্য গুদামে ১২/০৫/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত মজুদের ছক নিম্নরূপ: | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক পার্বতীপুর, দিনাজপুর |

মজুদ (মেট্রিক টন)

| গুদামের নাম | আমন ধান | আতপ চাল | বোরো চাল | মোট চাল | গম | ধান | খালি বস্তা |
|---|---|---|---|---|---|---|---|
| পার্বতীপুর | ১০৩৮.৮১৭ | -- | ৪.৪৩৫ | ১০৪৩.২৫২ | -- | -- | -- |
| ভবানীপুর | ৭৩০.৭৪০ | -- | ৫.৭৮২ | ৭৩৬.৫২২ | -- | -- | -- |
| মন্মথপুর | ৪৯৮.১৯১ | -- | ১৯০.১৭৫ | ৬৮৮.৩৬৬ | ২.০৫০ | -- | -- |
| আমবাড়ী | ১৯৭৭.৪৮০ | -- | -- | ১৯৭৭.৪৮০ | -- | -- | -- |
| মোট= | ৪২৪৫.২২৮ | -- | ২০০.৩৯২ | ৪৪৪৫.৬২০ | ২.০৫০ | -- | -- |

সংগ্রহ/২০২২ সমাপ্ত

| গুদামের নাম | লক্ষ্যমাত্রা | | | | অর্জিত পরিমাণ | | | | অবশিষ্ট পরিমাণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ধান | সিদ্ধ চাল | আতপ চাল | গম | ধান | সিদ্ধ চাল | আতপ চাল | গম | ধান | সিদ্ধ চাল | আতপ চাল | গম |
| পার্বতীপুর | ৯৯৭.০০০ | ১৭৫৯.১১০ | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |
| ভবানীপুর | ৯১১.০০০ | ১২৩৫.৩৭৭ | -- | -- | -- | ---- | -- | -- | -- | -- | -- | -- |
| মন্মথপুর | ৯২৪.০০০ | ৮৮.৫৩৩ | -- | ১১২.০০০ | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |
| আমবাড়ী | ২৭৪.০০০ | ৮০৭.৯৮০ | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |
| মোট= | ৩১০৬.০০০ | ৩৮৯১.০০০ | -- | ১১২.০০০ | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |

**বাজার দর**

| ক্র: নং | পণ্য | কেজি প্রতি দর (টাকা) | |
|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত |
| ১ | চাল (মোটা) | ৩৮/- | ৩৯/- |
| ২ | চাল (চিকন) | ৪৮/- | ৫০/- |
| ৩ | ধান (মোটা) | ২৪/- | ২৫/- |
| ৪ | চিনি | ৭৮/- | ৮০/- |
| ৫ | গম | ২৯/- | ৩০/- |
| ৬ | আটা | ২৮/- | ৩০/- |
| ৭ | লবণ | ২০/- | ৩০/- |
| ৮ | সয়াবিন | ১৯০/- | ২০০/- |
| ৯ | সরিষা তেল | ২৭০/- | ২৮০/- |
| ১০ | আলু | ১৫/- | ২০/- |

১। গম বরাদ্দ = ১১২.০০০ মেট্রিক টন
২। ধান বরাদ্দ = ৩১০৬.০০০ মেট্রিক টন
৩। চাল বরাদ্দ = ৩৮৯১.০০০ মেট্রিক টন

১। ওএমএস চাল বিতরণ = ৩৪৮.০০০ মেট্রিক টন
২। ওএমএস আটা বিতরণ = ২৯৮.০০ মেট্রিক টন

| | | | |
|---|---|---|---|
| ত) অর্থ বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্তঃ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডিকে সভায় অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী এলজিইডি পার্বতীপুর, দিনাজপুর |
| থ) জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্তঃ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বতীপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পার্বতীপুর, দিনাজপুর |
| টি,আর, কাবিখা, কাবিটা সংক্রান্তঃ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পার্বতীপুর সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে পার্বতীপুর উপজেলায় টি.আর, কাবিখা, কাবিটাসহ অন্যান্য কার্যক্রমের তথ্যাদি নিম্নরূপ : | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পার্বতীপুর, দিনাজপুর |

| ক্র: নং | প্রকল্পের নাম | প্রকল্পের ধরণ | প্রকল্পের সংখ্যা | মোট বরাদ্দ (চাল/গম/নগদ অর্থ) | ব্যয়িত | অব্যয়িত | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-নগদ অর্থ) উপজেলা পরিষদভিত্তিক ১ম কিস্তি | কাবিটা | ১৭ টি | ৪৯,২০,৫০২.৯৮ টাকা | ২৪,৬০,২৫১.৪৯ টাকা | ২৪,৬০,২৫১.৪৯ টাকা | ৮০% |
| ২. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য-চাল) উপজেলা পরিষদভিত্তিক ১ম কিস্তি | কাবিখা | ১৩ টি | ১০৪.১১৬৩ মেঃ টন (চাল) | ৫২.০৫৮১৫ মেঃ টন (চাল) | ৫২.০৫৮১৫ মেঃ টন (চাল) | ৮০% |
| ৩. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য-গম) উপজেলা পরিষদভিত্তিক ১ম কিস্তি | কাবিখা | ১৩ টি | ১০৪.১১৬৩ মেঃ টন (গম) | ৫২.০৫৮১৫ মেঃ টন (গম) | ৫২.০৫৮১৫ মেঃ টন (গম) | ৮০% |
| ৪. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর-নগদ অর্থ) উপজেলা পরিষদভিত্তিক ১ম কিস্তি | টি.আর | ২৩ টি | ২৬,২৪,৩২১.৮৭ | ১৫,১২,১৬০.০০ | ১১,১২,১৬১.৮৭ | ৮০% |
| ৫. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর-নগদ অর্থ) উপজেলা পরিষদভিত্তিক ২য় কিস্তি | টি.আর | ৩৪ টি | ৫২,৪৮,৬৭৩.৭৪ | ২৬,২৪,০০০.০০ | ২৬,২৪,৬৪৩.৭৪ | ৬০% |
| ৬. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-নগদ অর্থ) উপজেলা পরিষদভিত্তিক ২য় কিস্তি | কাবিটা | -- | ১৮,৪৭,২৬১.৭৪ | -- | ১৮,৪৭,২৬১.৭৪ | প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন |
| ৭. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য-চাল) উপজেলা পরিষদভিত্তিক ২য় কিস্তি | কাবিখা | -- | ২৪.৬০৪৫ মেঃ টন (চাল) | -- | ২৪.৬০৪৫ মেঃ টন (চাল) | প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন |
| ৮. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর-নগদ অর্থ) উপজেলা পরিষদভিত্তিক ৩য় কিস্তি | টি.আর | -- | ১৪,১৬,০০১.০১ | -- | ১৪,১৬,০০১.০১ | প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন |
| ৯. | ২০২১-২০২২ অর্থবছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিডিডি) ২য় পর্যায় | ওয়েজ | ৯০ টি | -- | -- | | কাজ চলমান |
| | | নন-ওয়েজ | -- | ৩২,২৮,৮৯২.০০ | -- | ৩২,২৮,৮৯২.০০ | প্রকল্প তালিকা প্রণয়ন প্রক্রিয়াধীন |
| ১০. | ২০২১-২০২২ অর্থবছরে অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প | মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন | ১১ টি | ১,৪৭,৭৯,৭৯৮.০০ | -- | ১,৪৭,৭৯,৭৯৮.০০ | ৬০%-০২ (দুই) জন বীর মুক্তিযোদ্ধার জমি সংক্রান্ত জটিলতা রয়েছে |
| | | | ৭৬ টি | -- | -- | -- | দরপত্র আহবান প্রক্রিয়াধীন |
| ১১. | ২০২১-২০২২ অর্থবছরে মুজিব বর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের লক্ষ্যে ৩য় পর্যায়ে বাসগৃহ নির্মাণ প্রকল্প | বাসগৃহ নির্মান | ১৭৫ টি | ৪,৬২,৮২,৫০০.০০ | ৩,১২,৮৪,৬৮৪.০০ | ১,৪৯,৯৭,৮১৬.০০ | ৪৯.৭০% |
| ১২. | ২০২১-২০২২ অর্থবছরে "গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যেঃ হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ শীর্ষক প্রকল্প | এইচবিবি রাস্তা | ০৫ টি- | ২,২১,২৯,০০০.০০ | -- | ২,২১,২৯,০০০.০০ | ২০% |
| ১৩. | ২০২১-২০২২ অর্থবছরে সেতু/কালভার্ট নির্মাণ | সেতু/কালভার্ট | ০২ টি | ১,৮৮,৯৫,৩৪৪.০০ | -- | ১,৮৮,৯৫,৩৪৪.০০ | ১০% |

| | | | |
|---|---|---|---|
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্তঃ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পার্বতীপুর শাখা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পার্বতীপুর শাখা'কে আহবান করা হলো। | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক পার্বতীপুর, দিনাজপুর |
| দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ সংক্রান্ত ঃ | ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, চলমান ঝড়ো-হাওয়া ও শিলাবৃষ্টির কারণে যে সমস্ত বৈদ্যুতিক মিটার, ডোফ তার ও সার্ভিস তার-এ সমস্যা হচ্ছে তা সরকারি খরচে মেরামত করা হচ্ছে। যে সকল ইউনিয়ন পরিষদের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তা আগামী জুন/২০২২ খ্রি. মাসের মধ্যে পরিশোধ করার জন্য সভায় তিনি অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পার্বতীপুর, দিনাজপুর'কে অনুরোধ করা হলো। | ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পার্বতীপুর, দিনাজপুর |

| | | | |
|---|---|---|---|
| তথ্যসেবা সংক্রান্ত ঃ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা পার্বতীপুর, দিনাজপুর |
| দারিদ্র্য বিমোচন সংক্রান্ত ঃ | সিনিয়র উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য সিনিয়র উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, পার্বতীপুর, দিনাজপুর |

০৩। অত:পর উপজেলা পরিষদের উপ-কমিটির নিয়মিত সভা আহবান ও সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর বরাবর প্রেরণের অনুরোধ জানিয়ে এবং আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১২.০৫.২০২২

(মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
পার্বতীপুর, দিনাজপুর
ফোনঃ ০৫৩৩৪-৭৪৪৪৬

উপজেলা পরিষদ
পার্বতীপুর, দিনাজপুর

স্মারক নং-০৫.৫৫.২৭৭৭.০২৫.০১.০০১.২২-১৩(৫৫)

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
১২ মে ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়] ঃ
০১। মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৫ এবং উপদেষ্টা, পার্বতীপুর উপজেলা পরিষদ, দিনাজপুর
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর
০৫। জেলা প্রশাসক, দিনাজপুর
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর
০৮। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর
০৯। মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর
১০। সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, দিনাজপুর
১১। উপজেলা.......................................................... অফিসার, পার্বতীপুর, দিনাজপুর
১২। চেয়ারম্যান,..........................................................ইউ.পি, পার্বতীপুর, দিনাজপুর
১৩। জনাব..........................................................,পার্বতীপুর, দিনাজপুর
১৪। অফিস কপি

১২/০৫/২০২২

(মুহাম্মদ ইসমাঈল)
উপজেলা নির্বাহী অফিসার
পার্বতীপুর, দিনাজপুর

# পার্বতীপুর উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

সভার তারিখ ঃ ১২/০৫/২০২২ খ্রি.

সময় ঃ সকাল ১০:০০ ঘটিকা

| ক্রঃ নং | পদবী | নাম | (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) স্বাক্ষর | মোবাইল নং |
|---|---|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৫, সভাপতি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, পার্বতীপুর। | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, এম.পি | | |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ পার্বতীপুর,দিনাজপুর। | জনাব মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক | | ০১৭১২-১১১৭২৩ |
| ০৩ | প্রশাসক, পার্বতীপুর পৌরসভা পার্বতীপুর,দিনাজপুর। | জনাব মুহাম্মদ ইসমাঈল | | ০১৭৬১-৪৯৩৫৩১ |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আমিরুল মোমেনিন | | ০১৯৩৭-৩৯৯৭০৮ |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব রুকশানা বারী রুকু | | ০১৭১৮-৬৭৫৫৭৫ |
| ০৬ | চেয়ারম্যান, ১নং বেলাইচন্ডি ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব কৃষিবিদ নুর মোহাম্মদ রাজা | | ০১৭১৫-২০৫১৫০ |
| ০৭ | চেয়ারম্যান, ২নং মন্মথপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ ওয়াদুদ আলী | 12/05/22 | ০১৭১২-০৫৬৮৭০ |
| ০৮ | প্যানেল চেয়ারম্যান, ৩নং রামপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ একরামুল হক | 12/05/2022 | ০১৭১৮-৫৬০২১৮ |
| ০৯ | চেয়ারম্যান, ৪নং পলাশবাড়ী ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মোফাখ্খারুল ইসলাম | 12/5/22 | ০১৭১৩-৭৩৪৩৯১ |
| ১০ | চেয়ারম্যান, ৫নং চন্ডিপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মজিবর রহমান সরকার | | ০১৭১৬-৭৮৪৭৭১ |
| ১১ | চেয়ারম্যান, ৬নং মোমিনপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ নজরুল ইসলাম সরকার | | ০১৭১২-২২৫৪৪১ |
| ১২ | চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মতিয়ার রহমান প্রামানিক | | ০১৮৪-৮৩৮৩১৭৫ |
| ১৩ | চেয়ারম্যান, ৮নং হাবড়া ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আনিসুজ্জামান সরকার | অনুঃ | ০১৭৬১-৫৮৭৮১১ |
| ১৪ | চেয়ারম্যান, ৯নং হামিদপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব রেজওয়ানুল হক | 12.05.22 | ০১৭৪২-৪১৯৩০০ |
| ১৫ | চেয়ারম্যান, ১০নং হরিরামপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মোজাহিদুল ইসলাম | অনুঃ | ০১৭৪০-৮৮৫২৭৭ |
| ১৬ | পৌরসভা ও ৩নং রামপুর ইউ,পির সংরক্ষিত সদস্য, পার্বতীপুর। | জনাব মালেকা জালাল | 12/5/22 | ০১৭১৮-৩৩৩৯৬০ |
| ১৭ | ১,২,৬ নং ইউ, পির সংরক্ষিত সদস্য, পার্বতীপুর। | জনাব মোছাঃ লিপা খাতুন | 12/05/22 | ০১৭৮০-৮৪৪৮৮১ |
| ১৮ | ৫,৭,৮ নং ইউ, পির সংরক্ষিত সদস্য, পার্বতীপুর। | জনাব মোছাঃ তাছকিনা খাতুন | | ০১৭২২-২০০৯৪০ |

# পার্বতীপুর উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

সভার তারিখ ঃ ১২/০৫/২০২২ খ্রি. | সময় ঃ সকাল ১০:০০ ঘটিকা

| ক্রঃ নং | পদবী | নাম | (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) স্বাক্ষর | মোবাইল নং |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মুহাম্মদ ইসমাঈল | | ০১৭৬১-৪৯৩৫৩১ |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব ডাঃ মোঃ হামদুল্লাহ | | ০১৭০১-০০৬৯৬৩ |
| ৩. | উপজেলা কৃষি অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ রাকিবুজ্জামান | | ০১৭১২-৯৫৬২৯৭ |
| ৪. | উপজেলা প্রাণী সম্পদ অফিসার (ভারপ্রাপ্ত)<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব ডাঃ মোঃ আতিকুর রহমান | | ০১৭৩৮-৩৪০২২৪ |
| ৫. | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব আবু জাফর মোঃ সায়েম | | ০১৭১৯-০৩৮৮৩২ |
| ৬. | উপজেলা প্রকৌশলী এলজিইডি<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আহসান হাবীব | | ০১৭০৮-১৬১৬১৩ |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আশরাফুল হক প্রধান | | ০১৭১৭-১৩৯৮২৪ |
| ৮. | উপজেলা শিক্ষা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব ক. খ. মোঃ আলাওল হাদী | | ০১৭১২-৭০২৫২৫ |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব আবু মুসা মোহাম্মদ হাসান | | ০১৭১৪-৫৫০৮৬৯ |
| ১০. | উপজেলা সমাজসেবা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব তাপস রায় | | ০১৭৩১-৫২১৪৩৭ |
| ১১. | উপজেলা পঃ পঃ অফিসার<br>(অঃ দাঃ) পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ ওবাইদুর রহমান | | ০১৭২৪-০৮০৪১৪ |
| ১২. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব খন্দকার শাকিনা বিনতে শরীফ | | ০১৭১৮-০১৭৩২৯ |
| ১৩. | উপজেলা সমবায় অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আব্দুর রব প্রামানিক | | ০১৭১৮-৩৩০৯২৫ |
| ১৪. | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আনিসুর রহমান | | ০১৭১২-৬৭০৪৮৯ |
| ১৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br>(অঃ দাঃ), পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ শফিউল ইসলাম | | ০১৭১৫-১৭০৮১৪ |
| ১৬. | রেঞ্জ অফিসার, মধ্যপাড়া রেঞ্জ<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আব্দুল হাই | | ০১৮২৫-৫৪৪৫৩১ |
| ১৭. | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ সাইফুর রহমান | | ০১৭২৫-৭৪২৭১০ |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ নাসিম হাসান | | ০১৬৪৪-৩৩২৮৪৮ |
| ১৯. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আফান আলী | | ০১৭১৫-২৮৪৮০৩ |
| ২০. | অধ্যক্ষ, পার্বতীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আহছান হাবিব | | ০১৭১৬-৫০৯৪৬০ |
| ২১. | আবাসিক প্রকৌশলী, নেসকো লিঃ<br>পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ মকছেদুল ইসলাম | | ০১৭৫৫-৫৮৪৯০৮ |
| ২২. | ডেপুটি জেনারেল ম্যানেজার<br>পল্লী বিদ্যুৎ সমিতি-২, পার্বতীপুর। | জনাব মোঃ এহতেশামুল হক | | ০১৭৬৯-৪০০১৪৩ |
| ২৩. | সহকারী প্রকৌশলী, বিএমডিএ<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব বাসুদেব দে | | ০১৭৫০-১৭২৯৭২ |
| ২৪. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌঃ<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ নাজিম উদ্দীন সরকার | | ০১৭৩৭-১৪১১৮১ |
| ২৫. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ জিয়াবুর রহমান | | ০১৭১০-০৪৭৯০০ |
| ২৬. | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আব্দুল মতিন | | ০১৭২৩-১৬৫৩৪১ |
| ২৭. | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা<br>পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোছাঃ আফরোজা খাতুন | | ০১৭৩৩-৮৮৯২৭৯ |
| ২৮. | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর(UDF)<br>ইউজিডিপি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আখতার আহসান | | ০১৭২৭-৮৬০১৭১ |